তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক আমাদের সময়

# শিক্ষার্থীদের যাতায়াতের নৌকা বিক্রির অভিযোগ

ধর্মপাশা প্রতিনিধি •

সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলার মগুয়ারচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের যাতায়াতের জন্য ব্যবহৃত নৌকাটি স্থানীয় কয়েকজন ব্যক্তি বিক্রি করে দিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। ২০১২ সালের জুন মাসে বেসরকারি সংস্থা ঢাকা আহছানিয়া মিশন থেকে এ বিদ্যালয়ে প্রায় দুই লাখ টাকা মূল্যের এ নৌকাটি বরাদ্দ দেওয়া হয়েছিল। এ নিয়ে বিদ্যালয়ের সভাপতি, প্রধান শিক্ষক ও অভিভাবকরা ইউএনওর কাছে লিখিতভাবে অভিযোগ করেছেন।

**ধর্মপাশা উপজেলা**

এ বিদ্যালয়টি হাওর এলাকায় অবস্থিত হওয়ার শিক্ষার্থীদের ঝরে পড়া রোধকল্পে ও যাতায়াতের সুবিধার্থে ঢাকা আহছানিয়া মিশন একটি নৌকা বরাদ্দ দেয়। নৌকাটি শিক্ষার্থীদের যাতায়াতে মাসখানেক ব্যবহৃত হলেও মাঝি ও জালানি খরচ বিদ্যালয় কর্তৃপক্ষ বহন করতে না পারায় এর কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়। পরে এ বছরই বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তক্রমে নৌকাটি স্থানীয় মগুয়ারচর গ্রামের আব্দুস সালাম, জলিল মিয়া ও ফুল মিয়ার কাছে ১০ হাজার টাকার বিনিময়ে এক বছরের জন্য ভাড়া দেওয়া হয়। পরের বছর ২০ হাজার টাকায় নৌকাটি আরও এক বছরের জন্য ভাড়া নেন ওই তিনজন। গত বছর আগস্ট মাসে নৌকাটি তারা আবার ভাড়া নিলেও তা আর ফেরত দেওয়া হয়নি।